৩০ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: কামাল হোসেন<br>উপজলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ, ভোলা সদর, ভোলা। |
| তারিখ ও সময় | : | ৩০ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকা |

উপস্থিতি : পরিশিষ্ট – 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উপজেলা পর্যায়ে আইসিটি'র বিকাশ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকতর ব্যবহার, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটির নিয়মিত সভা আয়োজনের প্রতি সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। সহকারী প্রোগ্রামার, ভোলা সদর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য:**<br>সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, ভোলা সদর উপজেলা প্রশাসনের ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ থাকলেও অন্যান্য দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই। সভাপতি উপজেলার সকল ওয়েবসাইট হালনাগাদ করনের জন্য গুরুত্ব আরোপ করেন। হালনাগাদকরনের জন্য প্রত্যেক দপ্তর প্রধান বরাবর প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণ করা হয়েছে। | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সকল ওয়েব পোর্টাল সংশ্লিষ্ট দপ্তর নিয়মিত তথ্য হালনাগাদ করবেন। কারিগরি সহায়তার জন্য **জনাব মোঃ শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা সদর, ভোলা, মোবাইল নম্বর-০১৭২১৬৫৭৯৩০** এর নিকট হতে প্রয়োজনীয় তথ্য ও সহযোগিতা গ্রহণ করা যাবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| ২.২ | **ইন্টারনেট কানেকটিভিটি সংক্রান্ত:**<br>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ইনফো-সরকার ফেইজ-২ প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত ইন্টারনেট, উপজেলার সকল সরকারি অফিসে সার্বক্ষণিক চালু রাখতে ইন্টারনেট সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান ফাইবার@হোম এর স্থানীয় প্রতিনিধিকে নির্দেশনা প্রদানের বিষয়ে আলচনা হয়। | উপজেলার সকল সরকারি অফিসে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ চালু রাখতে ফাইবার@হোম এর স্থানীয় প্রতিনিধি (জনাব নিজাম উদ্দীন, মোবাইল- ০১৯৯৯০৭৫৫০৩)-কে নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান<br>ও<br>ফাইবার@হোম এর প্রতিনিধি |
| ২.৩ | **ই-নথি সংক্রান্ত:**<br>সরকারের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কাজে দ্রুত গতি, স্বচ্ছতা, জবাবদিহিতা আনায়নের লক্ষে ই-নথি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর অর্থায়নে ও জেলা প্রশাসনের আয়োজনে এবং এটুআই প্রকল্পের কারিগরি সহায়তায় গত ২০১৬-২০১৭ অর্থ বছর থেকে ২০১৮-২০১৯ অর্থ বছরে উপজেলা পর্যায়ের অনেকগুলো সরকারি অফিসকে ই-নথি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। কিন্তু অত্র উপজেলায় এর ব্যবহার হচ্ছে না বলেই চলে। | প্রশিক্ষণপ্রাপ্ত সকল দপ্তরকে সরকারের নির্দেশনা মোতাবেক দ্রুত এর ব্যবহার শুরু করতে হবে। কারিগরি সহায়তার জন্য **জনাব মোঃ শরিফুল ইসলাম**, সহকারী প্রোগ্রামার এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| ২.৪ | **ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য:**<br>ক) সহকারী প্রোগ্রামার, সভাকে জানান যে, কিছু কিছু ইউডিসি একসেবায় নিয়মিত তথ্য প্রদান করছে না। যেহেতু সবগুলো ইউডিসি একসেবায় নিয়মিত আয় ও | ক) উপজেলার সকল ইউডিসি উদ্যোক্তাকে একসেবায় নিয়মিত আয় ও সেবার তথ্য প্রদান করতে হবে। | সহকারী প্রোগ্রামার<br>ও<br>ইউডিসি উদ্যোক্তা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | সেবার তথ্য দিচ্ছে না সেহেতু আয় ও সেবার সম্পূর্ণ তথ্য পাওয়া যায় না।<br>খ) সকল ইউডিসি থেকে পল্লী বিদ্যুতের বিল গ্রহণসহ মোবাইল ব্যংকিং এবং বিভিন্ন রকম আনলাইন সেবা যুক্ত করনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | খ) সকল ইউডিসিতে পল্লী বিদ্যুতের বিল গ্রহণসহ মোবাইল ব্যংকিং এবং বিভিন্ন রকম আনলাইন সেবা যুক্ত করতে হবে। | |
| ২.৫ | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন সংক্রান্ত:**<br>ক) সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, অত্র উপজেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বারটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। ল্যাবগুলো শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক এবং স্থানীয় জনসাধারণ ব্যবহার করবে।<br>খ) এছাড়াও শিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলায় অনেক কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করা প্রয়োজন। | সহকারী প্রোগ্রামার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ আইসিটি কমিটির সকল সদস্য শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করবেন। | সহকারী প্রোগ্রামার<br>ও<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ২.৬ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত:**<br>সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, ডিসেম্বর/২০১৯ খ্রি. মাসে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস কার্যক্রম বন্ধ থাকায় mmcm.gov.bd-সিস্টেমে তথ্য আপলোড হয়নি। জানুয়ারি/২০২০ খ্রি. মাসে মনিটরিং সিস্টেমে নিয়মিত তথ্য আপলোডের জন্য সভাপতি মহোদয় সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করেন। | সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা পূর্বক মনিটরিং সিস্টেমে তথ্য আপলোড করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

৩। অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: কামাল হোসেন)
উপজলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ভোলা সদর, ভোলা।
☎০৪৯১-৬১৩১৮
✉unobhola@mopa.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০৯১৮.০০০.০৬.০০১.১৯.৩৬

তারিখঃ ১৫ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৩। জেলা প্রশাসক, ভোলা।

৪। অধ্যক্ষ, ভোলা সরকারি কলেজ, ভোলা।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলা সদর, ভোলা।

৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলা।

৭। সহকারি কমিশনার (ভূমি), ভোলা সদর, ভোলা।

৮। উপজেলা কৃষি অফিসার, ভোলা সদর, ভোলা।

৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভোলা সদর, ভোলা।

১০। অফিসার ইনচার্জ, ভোলা সদর থানা, ভোলা।

১১। উপজেলা সমাজ সেবা অফিসার, ভোলা সদর, ভোলা।

১২। উপজেলা শিক্ষা অফিসার, ভোলা সদর, ভোলা।

১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভোলা সদর, ভোলা।

১৪। সহকারী ব্যবস্থাপক (টেলিযোগাযোগ), বিটিসিএল, ভোলা।

১৫। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ভোলা সদর, ভোলা।

১৬। অধ্যক্ষ, ওবায়দুল হক মহাবিদ্যালয়, ভোলা।

১৭। প্রধান শিক্ষক, ভোলা সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ভোলা।

১৮। প্রধান শিক্ষক, টবগী মাধ্যমিক বিদ্যালয়, ভোলা সদর, ভোলা।

১৯। প্রতিষ্ঠান প্রধান, ............................................................, শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ভোলা সদর, ভোলা।

২০। চেয়ারম্যান,.............................ইউনিয়ন পরিষদ, ভোলা সদর, ভোলা।

২১। উদ্যোক্তা, .......................................ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ভোলা সদর, ভোলা।

২২। জনাব মোঃ নিজাম উদ্দীন, সিনিয়র অ্যাসোসিয়েট এক্সিকুয়েটিভ, ফাইবার@হোম, ভোলা।

২৩। ব্যবস্থাপনা পরিচালক, অপটিমা কম্পিউটার, ভোলা।

২৪। ..........................................................................................................................................।

২৫। অফিস কপি।

৩০/১২/২০১৯

(মোঃ শরিফুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ভোলা সদর, ভোলা

☎০৪৯১-৬১২০৩, ০১৭২১-৬৫৭৯৩০
✉ shariful@doict.gov.bd